সংবাদ

তারিখ ... 1. APR 2017 ...
পৃষ্ঠা ৯ ..০.. কলাম ...২.. ......

# খুদে শিক্ষার্থীদের ভোট উৎসব

সংবাদ জাতীয় ডেস্ক

গত বৃহস্পতিবার ব্যাপক উৎসাহ ও উদ্দীপনার মধ্যদিয়ে দেশব্যাপী মাধ্যমিক স্তরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে স্টুডেন্টস কাউন্সিল নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। বিস্তারিত সংবাদ প্রতিনিধিদের পাঠানো খবরে–

## রাজশাহী

শিশুকাল থেকে গণতান্ত্রিক মূল্যবোধের প্রতি শ্রদ্ধাশীল হওয়া, অন্যের মতের প্রতি সহিষ্ণুতা ও শ্রদ্ধা দেখানোর অভ্যাস গড়ে তোলার লক্ষ্য নিয়ে উৎসবমুখর পরিবেশে রাজশাহীর স্কুলে স্কুলে উৎসবমুখর পরিবেশে গত বৃহস্পতিবার অনুষ্ঠিত হয়েছে স্টুডেন্ট কেবিনেট নির্বাচন। রাজশাহী জেলা ও নগরীর সব মাধ্যমিক স্কুলগুলোতে এ নির্বাচন অনুষ্ঠিত হয়েছে।

এ নির্বাচনকে ঘিরে রাজশাহীর স্কুলগুলোতে সকাল থেকেই শুরু হয় উৎসবের আমেজ। সকাল থেকেই স্কুলগুলোতে শিক্ষার্থীরা লাইনে দাঁড়িয়ে তাদের ভোটাধিকার প্রদান করে। এ নিয়ে স্কুলগুলোতে ভোটে অংশগ্রহণকারীরা প্রচার-প্রচারণাও চালায় নানাভাবে। কয়েকদিন ধরেই নির্বাচনে অংশগ্রহণকারীরা প্রচারণা চালিয়ে আসছিল।

বৃহস্পতিবার ভোট গ্রহণের মাধ্যমে সেই প্রচারণার সমাপনী ঘটে। সকালে নগরীর লক্ষীপুর গার্লস স্কুলসহ কয়েকটি স্কুলে গিয়ে দেখা নির্বাচনকে ঘিরে শিক্ষার্থীদের মাঝ উৎসবের আমেজ। শিক্ষার্থীরা জানায়, এটি একটি ভালো উদ্যোগ।

সকালে নগরীর বহরমপুরে অবস্থিত শিক্ষা স্কুল অ্যান্ড কলেজে গিয়ে দেখা যায় উৎসবমুখর পরিবেশ। ভোট দিতে শিশুরা লাইন ধরে দাঁড়ায়। নির্বাচনে ছাত্রছাত্রীরাই প্রার্থী এবং ভোট দেয়। শুধু স্ব স্ব স্কুলের শিক্ষকরা নির্বাচনে সার্বিক তত্ত্বাবধান করেন।

এ স্কুলে মোট ভোটার সংখ্যা ছিল ২২৩ জন। চারটি বুথে ভোট গ্রহণ করা হয়। নির্বাচনে শেষে প্রধান নির্বাচন কমিশনার ১০ম শ্রেণীর শিক্ষার্থী মোহিনী হাঁসদা নির্বাচন সুষ্ঠু হয়েছে বলে মত প্রকাশ করে। এই নির্বাচনের ফলাফল আগামীকাল শনিবার ঘোষণা করা হবে।

সংশ্লিষ্ট সূত্র জানায়, নির্বাচিতরা প্রতি মাসে অন্তত একটি করে সভা করবে। তবে প্রতি ছয় মাস অন্তর সাধারণ ছাত্রছাত্রীদের উপস্থিতিতে সাধারণ কাউন্সিল করবে। নির্বাচনে প্রতিটি বিদ্যালয় থেকে শিশুদের মধ্যে থেকেই আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী যেমন পুলিশ; বিজিবি ও র‌্যাব সদস্য তৈরি করা হয়। শুধু তাই না দেশি-বিদেশি সাংবাদিকও সেজেছিল তারা। তাদের মধ্যে থেকেই নির্বাচন কমিশনার, প্রিজাইডিং অফিসার, পোলিং অফিসার নিয়োগ দেয়া হয়।

রাজশাহী কলেজিয়েট স্কুলে : স্টুডেন্ট কেবিনেট নির্বাচন অনুষ্ঠিত হয়। সকাল ৯টা থেকে বেলা ২টা পর্যন্ত ভোট গ্রহন চলে। প্রভাতী ও দিবা শাখার ছাত্রদের পৃথকভাবে বিদ্যালয়ের শ্রেণীকক্ষে বিভিন্ন শ্রেণীভিত্তিক ১০টি ভোটকক্ষ ও বুথ প্রস্তুত করা হয়। প্রতিটি বুথে এক জন প্রিজাইডিং অফিসার, দুজন পোলিং অফিসার হিসেবে তিন জন ছাত্র তাদের নির্বাচনি দায়িত্ব পালন করেন।

## বাগমারা (রাজশাহী)

শিক্ষার্থীদের মধ্যে নেতৃত্বের বিকাশ ও গণতন্ত্র চর্চার জন্য উপজেলার ভটখালী উচ্চ বিদ্যালয়ে স্টুডেন্ট কাউন্সিল নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। বিদ্যালয় চত্বরে অনুষ্ঠিত এই নির্বাচনে প্রধান নির্বাচন কমিশনারের দায়িত্ব পালন করেন ১০ম শ্রেণীর ছাত্র মুধাহিদুল এবং প্রিজাইডিং অফিসারের দায়িত্ব পালন করেন ১০ম শ্রেণীর তানজিলা খাতুন, ১০ শ্রেণীর মুকছেদা আক্তার, ১০ শ্রেণীর আবদুল আল বশির, ৯ম শ্রেণীর সুমাইয়া খাতুন, ৯ম শ্রেণীর জাহিদ হাসান।

সকাল ৮ ঘটিকা হতে বেলা ১টা পর্যন্ত একটানা ভোট অনুষ্ঠিত হয়। পরে সকল ছাত্র-ছাত্রীদের প্রত্যক্ষ ভোটে আট সদস্য বিশিষ্ট স্টুডেন্টস কাউন্সিল গঠন করা হয়। কমিটির নির্বাচিত সদস্যরা হলো, ৮ম শ্রেণীর জাফরিন দেওয়ান, ৯ম শ্রেণীর সজল, ১০ম শ্রেণীর রাসেল, ৭ম শ্রেণীর সুমাইয়া, ৬ষ্ঠ শ্রেণীর আয়শা, ৭ম তৌকির, ৯ম শ্রেণীর সাদিয়া আফরিন, ১০ম শ্রেণীর বাপ্পিল হোসেন। নির্বাচন পরিচালনার দায়িত্বে ছিলেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক আমিরউল ইসলাম। এ সময় উপস্থিত ছিলেন বিদ্যালয়ের সভাপতি পাশা সাঈদ আহমেদ, সহকারি শিক্ষক সুমন আহমেদসহ বিদ্যালয় পরিচালনা কমিটির অন্যান্য সদস্য।

## নাটোর (রাজশাহী)

রাজশাহীর পুঠিয়ায় ব্যাপক উৎসাহ ও উদ্দীপনার মধ্যদিয়ে মাধ্যমিক স্তরের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে স্টুডেন্টস কাউন্সিল নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। সকাল ৯টা থেকে দুপুর ২টা পর্যন্ত একটানা নির্বাচনে পাঁচটি শ্রেণীর জন্য পৃথক পৃথক বুথ তৈরি ভোট গ্রহণ করে প্রিজাইডিং অফিসার। কোন ধরনের অপ্রীতিকর ঘটনা ছাড়াই ভোটারদের স্বতঃস্ফূর্ত উপস্থিতিতে স্কুলে স্কুলে ভোট গ্রহন অনুষ্ঠিত হয়। শিক্ষা অফিস সুত্রে জানা যায়, নির্বাচনে উপজেলার মোট ৪৮টি শিক্ষাপ্রতিষ্ঠানে অনুষ্ঠিত হয়েছে স্টুডেন্টস কেবিনেট নির্বাচন। এর মধ্যে ৪০টি মাধ্যমিক ও ৮টি দাখিল মাদ্রাসায় নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। সুষ্ঠ ভোট গ্রহন শেষে ভোট গণনা হয় এবং ভোট গণনা শেষে ফলাফল ঘোষণা করা হয়। নির্বাচনে সহ-পাঠিদের সঙ্গে প্রতিদ্বন্দ্বিতার মাধ্যমে প্রত্যেকটি বিদ্যালয়ে আটজন করে প্রার্থী নির্বাচিত হয়েছে। এ ব্যাপারে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জাহীদুল হক জানান, মাধ্যমিক স্তর থেকেই গণতন্ত্রের চর্চা এবং গণতান্ত্রিক মূল্যবোধের প্রতি শ্রদ্ধাশীল হওয়ার লক্ষ্যে ও শিক্ষাপ্রতিষ্ঠানে শতভাগ ছাত্রছাত্রী ভর্তি, ঝড়ে পড়ারোধে সহযোগিতা করার জন্য সরকার স্টুডেন্ট কেবিনেট নির্বাচনের মতো ব্যতিক্রমধর্মী উদ্যোগ নিয়েছে।

## কলমাকান্দা (নেত্রকোনা)

নেত্রকোণা জেলার কলমাকান্দা মডেল পাইলট উচ্চ বিদ্যালয়ে গত বৃহস্পতিবার উৎসব মুখর পরিবেশে স্টুডেন্টস কেবিনেট নির্বাচন অনুষ্ঠিত হয়। সকাল ৯.০০ টা হতে বিকেল ২টা পর্যন্ত বিদ্যালয়ের মোট ১৭৬৪ শিক্ষার্থী ভোটারের মধ্যে ৯৪১ জন ভোটার ভোট প্রদান করেন। নির্বাচনে জুবায়ের আহমেদ নাঈম (১০ম), অন্যা রানী দাস (৯ম), প্রান্তি রায় (৮ম), আবু সালেম খান সাদ (৭ম), আহাদ সুলতান আলিফ (৬ষ্ঠ), এস.এম গাজ্জালী অর্নব (৮ম), ফাউজিয়া নুজহাত রিয়া (১০ম) ও রূপা পন্ডিত পূজা (৭ম) স্টুডেন্টস কেবিনেট নির্বাচিত হন। প্রধান নির্বাচন কমিশনার ১০ম শ্রেণীর ছাত্র অংকুর বিশ্বাসের নেতৃত্বে তিন সদস্যের নির্বাচন কমিশন সুন্দর, সুশৃঙ্খল ও শান্তিপূর্ণভাবে নির্বাচন পরিচালনা করেন।

## গফরগাঁও (ময়মনসিংহ)

ময়মনসিংহের গফরগাঁওয়ে শত বছরের ঐতিহ্যবাহী বিদ্যাপীঠ ইসলামিয়া সরকারি হাইস্কুলে গতকাল বৃহস্পতিবার স্টুডেন্ট কেবিনেট নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। প্রধান শিক্ষক নূরুল ইসলাম শীকদার বলেন, সকাল ৯টায় ভোট গ্রহণ শুরু হয়ে চলে টানা ২টা পর্যন্ত। জীবনের প্রথম ভোট দিতে পেরে বেজায় খুশি শিক্ষার্থীরা। এ সময় ইসলামিয়া সরকারি হাই স্কুলের অন্য শিক্ষকরা উপস্থিত ছিলেন। এছাড়াও উপজেলার ৬৩টি মাধ্যমিক বিদ্যালয় ও ৫২টি দাখিল মাদ্রাসায় একযোগে শান্তিপূর্ণ ও সুন্দর পরিবেশে সম্পন্ন হয়েছে।